# পঞ্চম উপজেলা পরিষদের ৩৩ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

তারিখ : ২৪ ফেব্রুয়ারী ২০২২

সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মূখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় /বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |
| ২ | স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির মধ্যে কোন আলোচনা বা সুপারিশ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা যায়নি। | স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে। | ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৩ | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি অগ্রগতির জন্য উপস্থাপন | আলোচ্য মাসে নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৪ | মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | আলোচ্য মাসে মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরার্মশ না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৫ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড -১৯ সংক্রমণের হার নিয়ন্ত্রণে আছে। স্কুল শিক্ষাথীদের ভ্যাক্সিনেশন শেষ পর্যায়ে রয়েছে । তবে সার্বিক ভাবে ভ্যাক্সিনেশনের হার কম। যেহেতু ২৬ ফেব্রুয়ারী ২০২২ এর পরে আর কোন ১ম ডোজ দেয়া হবে না তাই এই সময়ের মধ্যে ভ্যাক্সিনেশন সম্পন্ন করার জন্য ২৬ তারিখে বিশেষ ক্রাশ প্রোগ্রাম করা হবে। এপি সুষ্টভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও জানান, ২৬ তারিখের পর ২য় ডোজ এবং বুস্টার ডোজ যথারীতি চলমান থাকবে বরল সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), কানাইঘাট, সিলেট |
| ৬ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ, কানাইঘাট থানা সভায় জানান যে, কানাইঘাট থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিকসহ তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইন-চার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট |
| ৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৯ | স্থানীয় | (ক) আলোচনাকালে উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি | উপজেলা পরিষদের বাসাবাড়ী | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | সরকার প্রকৌশল অধিদপ্তর | সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি) এর তালিকায় কয়েকটি প্রকল্পে টাকার পরিমাণ ভুল হওয়ায় সংশোধন করা প্রয়োজন :- উক্ত প্রকল্পগুলো নিম্নে উল্লেখ করা হলো -<br>১. কুকুবাড়ী বশিরের বাড়ী হতে সুরমা ডাইক পর্যন্ত রাস্তায় ইট সলিং দ্বারা উন্নয়ন = ৬০,০০০/- টাকার পরিবর্তে = ১,১০,০০০/-<br>২. ০৩ নং দিঘিরপাড় ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের জামাল ডাক্তারের বাড়ী হ্ইতে নজরুল হকের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,০০,০০০.০০/-<br>৩. ৮নং ঝিংগাবাড়ী ইউনিয়নের ১নং ওয়ার্ডের মাঝিকান্দি পূর্ব মসজিদ হতে এ্যাডভোকেট সাত্তার এর বাড়ী পর্যন্ত সড়ক ইটসলিং দ্বারা উন্নয়ন = ২,০০,০০০.০০/- টাকার পরিবর্তে ১,৮০,০০০/- টাকার প্রকল্প।<br>(খ) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান, (১) উপজেলা পরিষদের বাসাবাড়ী ছায়ানীড় - ক কোয়াটারের পানির লাইন, ইলেকট্রিক কাজ,রং করণ,দরজা জানালা ও বাতরুম মেরামত বাবদ বিল (২) মুহয়া- ক কোয়াটারের পানির লাইন,ইলেকট্রিক কাজ,রং করণ,দরজা জানালা, বাতরুমের কমেট,বেসিং পানির ট্যাংক ক্রয় ও মেরামত কাজের বিল পরিশোধ করার জন্য সভাকে অবহিত করেন।<br>(৩) উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তার বাংলো ও বাউন্ডারী রং করণ কাজের বিল পরিশোধের জন্য সভাকে অবহিত করেন। | ছায়ানীড় - ক কোয়াটার ও মুহয়া - ক কোয়াটারের কাজের বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | /উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |
| ১০ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা চলতি রবি মৌসুমে ফসল চলমান ও শেষ পর্যায়ে রয়েছে । আগামী সরিষা -১ গ্রীষ্মকালীন উচ্চমূল্যোর সবজি চাষাবাদ সম্প্রসারনের লক্ষে পরিকল্পনা নিয়ে কাজ চলছে। বোরো ধান কর্তনকে সামনে রেখে সরকার উন্নয়ন সহায়তায় (৭০ ভাগ ভর্তূকীতে)কৃষিযন্ত্র বিতরণের কর্মসূচীতে আগ্রহী কৃষি ও কৃষি উদ্যোক্তাদের আগামী ১০ মার্চ ২০২২ পর্যন্ত আবেদন করা যাবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, কানাইঘাট, সিলেট |
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এলডডিপি প্রকল্পের আওতায় ১৬ ফেব্রুয়ারী/২০২২ তারিখে প্রাণিসম্পদ প্রদশনী অনুষ্টিত হয়। ৫০ জন খামারীকে প্রশিক্ষণ (মুরগীপালন)প্রদান করা হয়েছে। আগামী ২৭-০২-২০২২ তারিখে ছাগল প্রদশনী অনুষ্টিত হবে বলে সভকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৩ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৪ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলার ১২৫০ জন ভিজিডি উপকারভোগী মহিলাদের মাঝে যথারীতি প্রতিমাসে ৩০ কেজি করে পুষ্টি চাল বিতরণ করা হচ্ছে। নির্বাচিত এনজিও ের মাধ্যমে উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে। সঞ্চয় বাবদ ১৩ মাসে ৩২,৫০,০০০/- টাকা স্ব-স্ব ব্যাংক একাউন্টে জমা আছে।<br>আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের মাধ্যমে ৫০ জন মহিলাকে যথারীতি ২টি ট্রেডে প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>মা ও শিশু সহায়তা তহবিলের মাধ্যমে গর্ভবর্তী কর্মজীবি মহিলাদের আর্থিক সহায়তা সঠিকভাবে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৭ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৮ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী আইনশৃঙ্খলা রক্ষার পাশাপাশি তৃণমূল পর্যায়ে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ দিয়ে থাকে। এই ধারাবাহিকতায় গত ২৮-০১-২২ খ্রিঃ তারিখে ০৫(পাঁচ) জন প্রশিক্ষনার্থী "দূর্যোগ ব্যবস্থাপনা" প্রশিক্ষণে সিলেট জেলায় পাঠানো হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি – ২ জানান তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-২, কানাইঘাট, সিলেট |
| | তথ্য আপা প্রকল্প | তথ্য আপা কর্মকর্তার উপস্থিত সভায় জানান যে, ডিসেম্বর ২০২১ মাসে ০৪ (চার) টি উঠান বৈঠকে ২০০ জন মহিলাকে সেবা দেয়ার পাশাপাশি ডোর-টু-ডোর ৯০১ জন মহিলাকে সেবা দেয়া হয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য আপা প্রকল্প, কানাইঘাট, সিলেট |
| ২১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্যমাসে ২৫ জন সমবায়ীদের এক দিনের ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি ০৮ সমিতির নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ ও ঋণ কাযক্রম,ঋণ আদায় সন্তোষজনক বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, হাওড় অঞ্চলে টেকশন পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অথবছরে ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গিয়াছে এবং মানব সম্পদ উন্নয়ন পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন "প্রকল্পের আওতায় কমিনিউটি বেইজড পানি সরবরাহের বরাদ্দ পাওয়া গিয়াছে। উল্লিখিত কাযক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট |
| ২৪ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ২৫ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে ঋণ আদায় হয়েছে ৩৩.৭৮ টাকা এবং মোট ঋণ বিতরণ হয়েছে ৩৮.৪৫ টাকা । | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান , জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ০৮ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৮ টি এবং ১৭৫ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান যে, ২০২১ - ২০২২ সনের কানাইঘাট বিটের মুলাগুল ক্যাম্পের মুলাগুল মৌজায় ও ডাউকেরগুল মৌজায় ৬৬ লট বনে ৬৬ জন উপকারভোগী নির্বাচন করে বন বিভাগের পুনঃ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অংশীদারীত্ব মূলক বাগান সৃজন করা হয়েছে। বাগানের অবস্থা মোটামুটি ভালো। স্থানীয়দের গরু,মহিষ অবাধ বিচরণে বাগানটি ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন। তিনি জানান, কিছুদিন আগে অজ্ঞাতনামা দুষ্কৃতিকারীগণ লোকচক্ষুর অন্তরালে ২০১৭-২০১৮ সনের দেওয়াটিলা (সেগুন বাগান) নামক স্থানের সৃজিত ৬৬ লট বাগানে আগুন লাগিয়ে নষ্ট করে ফেলছে। অজ্ঞাতনামা দোষী ব্যক্তিদের সনাক্তকরণে চেষ্টা চলছে বলে সভাকে অবহিত করেন।<br>২০২০-২০২১ সালে ৪ নং সাতবাঁক ইউনিয়নে বিভিন্ন সড়কে ১০.০০ কি:মি: ও ২.০ কি:মি: কাঠ বাগান১২.০০ কি:শি; ষ্ট্রীক বাগান,৬০ জন উপকারভোগী নির্বাচন করে অংশীধারীত্বমূলক বাগান দমন করা হইয়াছ এবং বাগানের অবস্থা বেশ ভালো।<br>তিনি আরোও জানান যে, উপজেলা পরিষদের সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী ও জুকিপূণ গাছগুলো কতনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদন দাখিল করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বিট কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ২৯ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br><br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ৩০ | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-৯) এর আগের স্টেইন দুর্বল থাকায় এর প্রকোপ তেমন বাড়তে পারেনি। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে কোভিড-১৯ এর ২য় পর্যায়ে আক্রান্তের সংখ্যা হ্রাস পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে জীবনমান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত যাতে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | (ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধানের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।<br>(খ) করোনা টিকা গ্রহণের পরও মাস্ক পরিধান করতে হবে।<br>(গ) কেউ যদি মাস্ক না পরে তাহলে তাকে আইনের আওতায় নিয়ে আসতে হবে।<br>(ঘ) গণপরিবহন, হাটবাজার, রাস্তাঘাট ও অন্যান্য স্থানে সামাজিক দূরত্ব মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(ঙ) স্বাস্থ্যবিধির নিয়ম মেনে মসজিদে নামাজ আদায় করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩১ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা; (গ) পাম্প চালক, মালি ও সুইপারের বেতন-ভাতা; (ঘ) উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় ও আনুষাঙ্গিক ব্যয় ;(ঙ) উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তার বাংলোয় ০১ টি প্রিন্টার,০১ টি স্ক্যানার,০১ টি মডেম,০১ টি টোনার ক্রয় বাবদ ব্যয় ;(চ) উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তার বাংলোয় আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয়,(ছ) ফরমালিন,ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ও সরঞ্জামাদি ক্রয় বাবদ ব্যয়; (জ) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের এসি স্থানান্তর ও মেরামত বাবদ ব্যয় পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী, কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২১.৭২(৩৬)

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮ / ২৪ ফেব্রুয়ারী ২০২২

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা --------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান, ----------------------------- ইউ/পি (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব----------------------------------- কানাইঘাট, সিলেট

২৪/০২/২২
সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :</u>

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মো : আব্দুল্লাহ শাকির | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান(মহিলা)উপজেলা পরিষদ,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ জামাল উদ্দঅন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব আফসার উদ্দিন আহমদ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব ডাঃ হিতাংশু শেখর পাল | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার প্রতিনিধি কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব ডাঃ মোঃ ইকবাল হোসেন | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব কারিশমা আহমেদ জাকসি | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোঃ তাজুল ইসলাম পিপিএম | অফিসার ইনচার্জ,কানাইঘাট থানা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব ফিরোজ হোসাইন | প্রতিনিধি উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো : কামাল উদ্দিন | প্রতিনিধি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব সাখাওয়াত হোসেন | প্রতিনিধি,উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব জি এম সেলিম রেজা | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | জনাব মোহাম্মদ মোসাফির-ই সালেহীন | প্রতিনিধি , উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোঃ আব্দুল মালিক | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব পনিরুজ্জামান | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব হারুন আহমদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব মো ঃ আক্তাৰ হোসেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব মোছাঃ সেলিনা পারভীন | উপজেলা তথ্য আপা প্রকল্প, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ৩২ | মো ঃ ইমরান আলী | ইউএফডি,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ৩৩ | আব্দুল কুদ্দুছ | উপ-সহকারী প্রকৌশলী(বিএডিসি) | স্বাক্ষরিত |
| ৩৪ | মো ঃ আল-আমিন | উপজেলা প্রোগ্রাম অফিসার উপানুষ্ঠানিক শিক্ষা বুরো | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট "খ"

### সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | নারী সংরক্ষিত সদস্য,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |